# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

================================================================

১। আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের আজ দ্বিতীয় দিনে বিরোধীদের সভা স্থগিত প্রস্তাবে হস্তক্ষেপ করে হত্যা , ধর্ষণ ইত্যাদি ঘটনা সামাজিক অপরাধ বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার মন্তব্য ।

২। রাজ্যে জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পের অধীনে ৬৬ লক্ষ ৮৬ হাজারেরও বেশী রেশনকার্ড প্রদান করা হয়েছে বলে খাদ্য ও গণবন্টন বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাসের বিধানসভায় প্রকাশ ।

৩। বিভিন্ন দক্ষতা বিকাশ প্রকল্পের মাধ্যমে ৮৯ হাজারের ও বেশী যুবক যুবতী কর্মসংস্থানের সুযোগ লাভ করেছে বলে মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়ার মন্তব্য।

এবং

৪। চিকিৎসা ক্ষেত্রের সঙ্গে জড়িত লোকেদের নিরাপত্তা সুরক্ষা ও কাজ করার অনুকূল পরিবেশ সম্পর্কে পরামর্শ প্রদান করার জন্য গঠিত জাতীয় টাস্ক ফোর্সের আজ প্রথম বৈঠক ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা হত্যা , ধর্ষণ ইত্যাদি ঘটনাকে সামাজিক অপরাধ বলে অভিহীত করেছেন । আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের আজ দ্বিতীয় দিনে নারী নির্যাতন , রাজ্যের বিভিন্ন স্থানে আলফার বোমা রাখা ইত্যাদি ঘটনায় আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হচ্ছে বলে অভিযোগ করে বিরোধীপক্ষের বিধায়কদের

উত্থাপিত সভা স্থগিত প্রস্তাবে হস্তক্ষেপ করে মুখ্যমন্ত্রী একথা বলেন ।মুখ্যমন্ত্রী সভা স্থগিত প্রস্তাবের উত্তর দিতে গিয়ে বিরোধিদের তীব্র সমালোচনা করেন ।এদিকে মুখ্যমন্ত্রীর বক্তব্যের বিরোধিতা করে বিরোধী পক্ষ অধ্যক্ষের আসনের সামনে প্লেকার্ড নিয়ে প্রতিবাদ সাব্যস্ত করলে অধ্যক্ষ ১০ মিনিটের জন্য সভা স্থগিত করেন ।আগামীকাল রাজ্যের গণ পরিকাঠামোর তথ্য প্রদান করা হবে বলেও মুখ্যমন্ত্রী সভায় ঘোষণা করেন ।এদিকে খাদ্য ও গণবন্টন বিভাগের মন্ত্রী রঞ্জিৎ কুমার দাস বিধানসভার প্রশ্নোত্তরকালে  রাজ্যে জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পের অধীনে ২ কোটি ৩১ লক্ষ ৯৭ হাজারেরও বেশী হিতাধিকারীকে অন্তর্ভুক্ত করে ৬৬ লক্ষ ৮৬ হাজারেরও বেশী রেশনকার্ড প্রদান করা হয়েছে বলে জানান ।কোন যোগ্য ব্যক্তি বা পরিবার যদি রেশন কার্ড থেকে বঞ্চিত থাকেন তবে তাদেরকে বাছাই করে পর্যায়ক্রমে রেশনকার্ড প্রদান বা কার্ডে নাম অন্তর্ভুক্ত করার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি উল্লেখ করেন ।

বিধানসভায় আজ দি আসাম  রাইট টু পাব্লিক সার্ভিসেস ( এমেন্ডমেনট ) বিল দাখিল করা হয় ।মুখ্যমন্ত্রীর হয়ে মন্ত্রী পীযুষ হাজারিকা বিধানসভার প্রক্রিয়া ও কার্য পরিচালনার নিয়মের অধীনে এই বিল দাখিল করেন ।

---------------------------------------------------------------------------------------

দক্ষতা ,নিয়োগ ও উদ্যমিতা বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের আজ দ্বিতীয় দিন বিভিন্ন দক্ষতা বিকাশ প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান লাভ করা পরিসংখ্যা সম্পর্কে মন্তব্য করেন । বিধায়ক নুরুল হুদার প্রশ্নের উত্তরে মন্ত্রী মল্লবরুয়া বলেন যে আসাম দক্ষতা বিকাশ অভিযানে ২০১৬  সাল থেকে ২০২৪ সালের মার্চ মাস পর্যন্ত বিভিন্ন দক্ষতা বিকাশ প্রকল্পের মাধ্যমে এক লক্ষ ৫৮ হাজার ৮০৪ জন যুবক যুবতীকে দক্ষতা বিকাশের প্রশিক্ষণ দেওয়া হয়েছে । এরমধ্যে ৮৯ হাজার ৪০২ জন কর্ম সংস্থানের সুযোগ লাভ করেছে বলে তিনি জানান । পঞ্জীয়নভুক্ত বেকার সম্পর্কে মন্ত্রী বলেন যে পঞ্জীকৃত বেকারের সংখ্যা সঠিক বলা যাবে না । বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করা ,বেসরকারী খন্ডে চাকুরী করা বা স্বনিয়োজিত লোকেরাও সরকারী চাকুরীর আশায় কর্ম বিনিয়োগ কেন্দ্রে নাম পঞ্জীয়ন করে রেখেছেন বলে তিনি জানান । তিনি বলেন যে ২০২৩ সালে অনলাইনের মাধ্যমে ৯ লক্ষ ৬৭ হাজার ৮৫৪ জন যুবক যুবতী কর্ম বিনিয়োগ কেন্দ্রে নাম পঞ্জীয়ন করেছিলো ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামীকাল নতুন দিল্লীতে পুলিশ গবেষণা ও উন্নয়ন

ব্যুরোর ৫৪তম প্রতিষ্ঠা দিবস উদযাপন সমারোহে অংশগ্রহণ করবেন ।এ উপলক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রী নতুন ফৌজদারী আইন-জনসাধারণকেন্দ্রিক সংস্কার সম্পর্কে ড.আনন্দ স্বরূপ গুপ্তা স্মারক বক্তৃতা প্রদান করবেন । সেইসঙ্গে তিনি ২০২৩ ও ২০২৪ বর্ষের জন্য রাষ্ট্রপতির বিশিষ্ট সেবা এবং উত্তম সেবা পদক প্রাপকদের সম্মান জানাবেন । পুলিশ গবেষণা ও উন্নয়ন ব্যুরো // গবেষণা এবং উন্নয়নের মাধ্যমে আইন-শৃঙ্খলা ব্যাবস্থার উৎকর্ষ সাধনের জন্য মূল পরামর্শ গোষ্ঠী হিসেবে কাজ করে । পুলিশের জন্য নীতি ও প্রক্রিয়া বিকশিত করে তোলাই এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য । এছাড়াও প্রতিষ্ঠানটি নাগরিকদের উন্নত সেবা প্রদান করার জন্য সহায়ক প্রযুক্তির অন্বেষণ ,আইন নিয়ন্ত্রণ ব্যাবস্থার সংস্কার এবং বিধি বলবৎকারী সংস্থাগুলির সামর্থ্য বৃদ্ধির উপায় সম্পর্কে বিশেষ গুরুত্ব প্রদান করে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কর্মচারী গণ অভিযোগ ও পেনশন মন্ত্রী ড.জীতেন্দ্র সিং আগামীকাল নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে চলতি বছরের অনুভব পুরস্কারগুলি প্রদান করবেন । মন্ত্রনালয় জানিয়েছে যে এবার ২২ টি মন্ত্রনালয় এবং বিভাগের প্রকাশিত লেখার মধ্য থেকে পাঁচটি অনুভব পুরস্কারের জন্য নির্বাচিত হওয়া সহ ১০ টি বিচারকের প্রমাণপত্র লাভ করেছে । উল্লেখ্য ২০১৫ সালে পেনশন ও পেনশনার কল্যাণ বিভাগ অনুভব শীর্ষক মঞ্চ চালু করেছিলো । এই মঞ্চ অবসরপ্রাপ্ত এবং অবসর গহণ করবেন এমন কর্মচারীদের তাঁদের চাকুরীর সময়ে প্রদর্শন করা উল্লেখযোগ্য সাফল্য প্রদর্শনের জন্য চালু করা হয়েছে ।এপর্যন্ত ৫৪ টি অনুভব পুরস্কার প্রদান করা হয়েছে । মন্ত্রী ড.সিং আগামীকাল নতুন দিল্লীতে একাদশ সর্বভারতীয় পেনশন আদালত এবং ৫৫ তম প্রাক-অবসরকালীন পরামর্শদান কর্মশালায়াও পৌরহিত্য করবেন ।মন্ত্রণালয় জানিয়েছে যে সু-প্রশাসনের অংশ হিসেবে এই কর্মশালার আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম ও মিজোরামের আন্তঃরাজ্য রেল যোগাযোগ তিনদিন বন্ধ থাকবে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে জানানো হয়েছে । হাইলাকান্দি জেলার কিল্লারবাক অঞ্চলে ভয়াবহ ভূমিধ্বসের ফলে রেলপথগুলির সংস্কারের প্রয়োজন হয়েছে । উত্তর-পূর্ব সীমান্ত রেল কর্তৃপক্ষ জানিয়েছেন যে ধলেশ্বর নদীর জলস্তর হ্রাস পাবার পর রেলপথ সংস্কারের কাজ শুরু হবে । উল্লেখ্য ভারী বৃষ্টিপাত ও ভূমিধ্বসের ফলে গত ২৪ আগস্ট থেকে আসাম ও মিজোরামের মধ্যে রেল পরিষেবা ব্যাহত হয়ে পড়েছিলো ।সম্প্রতি মিজোরামের ভৈরবী থেকে হাইলাকান্দি হয়ে শিলচরের মধ্যে চলাচল করা দৈনিক যাত্রীবাহী রেলগাড়ীটির যাত্রা শিলচর ও জামিরার মধ্যে অব্যাহত রয়েছে ।

-----------------------------------------------------------------------------------

চিকিৎসাক্ষেত্রের সঙ্গে জড়িত লোকেদের নিরাপত্তা , সুরক্ষা ও কাজ করার পরিবেশ সম্পর্কে পরামর্শ প্রদানের জন্য সুপ্রীম কোর্টের গঠন করা জাতীয় টাস্ক ফোর্স অর্থাৎ এন টি এফ 'র প্রথম বৈঠক আজ অনুষ্ঠিত হয়েছে ।কেবিন্যাট সচিবের অধ্যক্ষতায় আজ অনুষ্ঠিত বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব ও স্বাস্থ্য সচিব সহ সব সদস্য উপস্থিত ছিলেন ।বৈঠকে বিভিন্ন বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সহ সদস্যরা নিজেদের পরামর্শ তুলে ধরেন ।উল্লেখ্য কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রনালয় দেশের বিভিন্ন প্রান্তের জনসাধারণ ও অন্য অংশীদারদের পরামর্শ চেয়ে 'সাজেশনস টু এন টি এফ' শীর্ষক একটি পোর্টাল চালু করেছে ।মন্ত্রনালয় সংশ্লিষ্ট রাজ্যগুলোর চিকিৎসালয়গুলোর সুরক্ষা ব্যবস্থা সম্পর্কে তথ্য দাখিল করার আহ্বান জানিয়েছে । মন্ত্রনালয় জানিয়েছে যে জাতীয় টাস্কফোর্সের সদস্যরা বিবেচনা করার জন্য এই পোর্টেলে তথ্য প্রদান করবেন ।এদিকে এন টি এফের সদস্যরা জানিয়েছেন যে দেশের বিভিন্ন ক্ষেত্রের লোকেদের সঙ্গে প্রত্যক্ষভাবে সাক্ষাৎ করা সহ তাঁরা প্রায় ৪০০ টি পরামর্শ প্রদান করেছেন ।এই সম্পর্কে আলোচনা করার জন্য আগামীকাল অন্য একটি বৈঠক ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে অনুষ্ঠিত হবে ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব এবং স্বাস্থ্য সচিবের অধ্যক্ষতায় আয়োজিত এই বৈঠকে রাজ্যগুলোর মুখ্য সচিব এবং পুলিশ সঞ্চালক প্রধানরা অংশগ্রহণ করবেন ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় স্বাস্থ্য কর্মীদের কর্মক্ষেত্রে সুরক্ষা সুনিশ্চিত করতে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মির্নাভা দেবী আরমবাম কেন্দ্র সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রক থেকে পাঠানো নির্দেশিকাগুলি পাঠ করেন । সভায় জেলা আয়ুক্ত শ্রী যাদব স্বাস্থ্য কর্মীদের সুরক্ষার জন্য স্বাস্থ্য কেন্দ্র প্রাঙ্গনে ভারতীয় ন্যায় সংহিতার সংশ্লিষ্ট আইন ও ধারাগুলি বাংলা ও ইংরাজী ভাষায় প্রর্দশন করে রাখতে নির্দেশ দিয়েছেন । এছাড়া আজকের সভায় স্বাস্থ্য কেন্দ্রে প্রয়োজনীয় সুরক্ষার ব্যবস্থা করতে স্বাস্থ্য কেন্দ্রের প্রধান চিকিৎসক ও প্রশাসনিক আধিকারীকদের নিয়ে হসপিটাল সিকিউরিটি কমিটি এন্ড ভায়োলেন্স প্রিভেনশন কমিটি গঠন করার সিদ্ধান্ত হয়েছে । সভায় স্বাস্থ্য কর্মীদের পরিচয় পত্র প্রদান করারও সিদ্ধান্ত হয়েছে । আজকের সভায় পুলিশ সুপার পার্থ প্রতিম দাস , স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , সিভিল হাসপাতালের সুপার ডক্টর লিপি দেব প্রমূখ অংশগ্রহন করেন ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে স্মার্ট মিটারে অত্যধিক বিলের মাধ্যমে বিদ্যুৎ বিভাগ গ্রাহকদের হয়রানি করছে বলে অভিযোগ করে এর বিরুদ্ধে আজ বদরপুরে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে সভাপতি রজত চক্রবর্তী , জাকারিয়া আহমেদ পান্না প্রমূখ অবিলম্বে স্মার্ট মিটার প্রত্যাহার করা এবং পুরোন মিটার ব্যবস্থা বহাল রাখার দাবী জানিয়ে বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলায় সেপ্টেম্বর মাসের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে অন্তোদয় অন্ন যোজনার কার্ডধারীদের জন্য ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়রিটি হাউস হোল্ড কার্ডের জন্য মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে সেপ্টেম্বর মাসের ১০ তারিখের মধ্যে অন্ন সেবার দিনগুলিতে চাল বন্টন করতে রেশন দোকান মালিকদের নির্দেশ দেওয়া হয়েছে । জুলাই মাসের আটাও বরাদ্দ করা হয়েছে বলে অন্য এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে । প্রায়রিটি হাউস হোল্ড কার্ড প্রতি দু কিলো দুশ ৫৫ গ্রাম করে আটা বন্টন করা হবে ।

---------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নাজিয়া এন্টারপ্রাইজ ১-০ গোলের ব্যবধানে এম এম আর এস দলকে পরাজিত করে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় নতুন বাজার এফ সি মূখোমূখি হবে কর্কট এফ সি-র বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------